দৈনিক ইনকিলাব

60

তারিখ 27 MAY 1992 ... কলাম ...
পৃষ্ঠা 7

# হাবিবুল্লাহ বাহার কলেজে রক্তক্ষয়ী সংঘর্ষ
## নির্বাচন স্থগিত ঃ কলেজ বন্ধ

॥ স্টাফ রিপোর্টার ॥

আগামী ৩ জুন হাবিবুল্লাহ বাহার কলেজে কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ছাত্র দলের দু'টি গ্রুপের মধ্যে গতকাল এক রক্তক্ষয়ী সংঘর্ষের জের হিসেবে নির্বাচন স্থগিত ও কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। সংঘর্ষে ৩ জন ছাত্র গুরুতর আহত হয়। সংঘর্ষের সময় কাটা রাইফেল, স্টেনগানের ব্যবহারসহ অর্ধ শতাধিক ককটেল বিস্ফোরণ ঘটানো হয়।

জানা গেছে, হাবিবুল্লাহ বাহার কলেজে ছাত্র সংসদ নির্বাচনে ছাত্র দলের পক্ষ থেকে তিতাস-হাবিব প্যানেল দেয়া হয়। নির্বাচনের পূর্বে তিতাস ও হাবিব-এর মধ্যে আভ্যন্তরীণ গণ্ডগোল সৃষ্টি হলে নির্বাচন বন্ধ হয়ে যায়। পরবর্তীতে তিতাসকে কলেজ থেকে বের করে দেয়া হয়। পরে মিলনকে জিএস করে প্যানেল দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। পরবর্তীতে মিলনকেও কলেজ ক্যাম্পাসে ঢুকতে বাধা দেয়া হয়।

মিলন ও তিতাসকে প্যানেল থেকে বাদ দেয়ার ঘটনার জের হিসেবে মিলন-তিতাস গ্রুপ গতকাল বেলা আনুমানিক ১২টায় কলেজ ক্যাম্পাস দখলের প্রচেষ্টা চালালে উক্ত সংঘর্ষের সূত্রপাত হয়। সংঘর্ষ চলাকালে এলাকায় ত্রাসের রাজত্ব কায়েম হয়। এ সময় রাস্তায় যানবাহন ও মানুষ চলাচল এবং দোকানপাট বন্ধ হয়ে যায়। খবর পেয়ে রমনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নেতৃত্বে অর্ধ শতাধিক পুলিশ ঘটনাস্থলে এসে বেশ কয়েক রাউণ্ড টিয়ারগ্যাস নিক্ষেপ ও লাঠিচার্জ করলে পরিস্থিতি আয়ত্তে আসে। অবস্থার প্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ নির্বাচন স্থগিতসহ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করে দেয়।